

# সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৫৩৩৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ২০৮০]

৩৮। পোশাক ও সাজসজ্জা (کتاب اللباس والزينة)

পরিচ্ছেদঃ ৬. সাধারণ পোশাক পরা; পোশাক, বিছানা ইত্যাদির ক্ষেত্রে মোটা ও সাধারণ কাপড়ের উপরই সীমিত থাকা এবং পশমী ও নকশী করা কাপড় পরিধান করার অনুমোদন প্রসঙ্গে

بَابِ التَّوَاضُعِ فِي اللِّبَاسِ وَالِاقْتِصارِ عَلَى الْغَلِيظِ مِنْهُ وَالْيَسِيرِ فِي اللِّبَاسِ وَالْفِرَاشِ وَغَيْرِهِمَا

#### আরবী

حَدَّثَنَا شَيْبَانُ بْنُ فَرُّوخَ، حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ الْمُغِيرَةِ، حَدَّثَنَا حُمَيْدٌ، عَنْ أَبِي بُرْدَةَ، قَالَ دَخَلْتُ عَلَى عَائِشَةَ فَأَخْرَجَتْ إِلَيْنَا إِزَارًا غَلِيظًا مِمَّا يُصِنْعُ بِالْيَمَنِ وَكِسَاءً مِنَ الَّتِي يُسَمُّونَهَا الْمُلَبَّدَةَ \_ قَالَ \_ فَأَقْسَمَتْ بِاللَّهِ إِنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قُبِضَ فِي هَذَيْنِ التَّوْبَيْنِ .

#### বাংলা

৫৩৩৫-(৩৪/২০৮০) শাইবান ইবনু ফারর়খ (রহঃ) ..... আবূ বুরদাহ (রাযিঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি আয়িশাহ্ (রাযিঃ) এর কাছে গেলে তিনি আমাদের সম্মুখে ইয়ামানের প্রস্তুত করা মোটা কাপড়ের একটি লুঙ্গি ও মুলাববাদাহ্ নামক একটি চাদর বের করলেন। তিনি বলেন, অতঃপর তিনি (আয়িশাহ) আল্লাহর কসম করে বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম এ দুটি বস্তু পরিহিত অবস্থায় মৃত্যুবরণ করেন। (ইসলামিক ফাউন্ডেশন ৫২৬৮, ইসলামিক সেন্টার ৫২৮১)

## **English**

### Abu Burda reported:

I visited A'isha and she brought out for us the coarse lower garfnent (of Allah's Messenger) made in Yemen and clothes made out of Mulabbada cloth, and she swore in the name of Allah that Allah's Messenger (ﷺ) died in these two clothes.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ বুরদাহ্ ইবনু আবূ মূসা আশ'আরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন